বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা,
শের-ই-বাংলা নগর, ঢাকা।

# প্রেস বিজ্ঞপ্তি
## চট্টগ্রামে অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসার বিরুদ্ধে বিটিআরসির অভিযান
## বিপুল পরিমাণ সরঞ্জাম জব্দসহ আটক ০১

চট্টগ্রাম, ০৩ জুলাই ২০২৫।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট এর একটি পরিদর্শক দল RAB-০৭ এর সহায়তায় ০২ জুলাই ২০২৫ তারিখে চট্টগ্রাম মহানগরীর হালিশহর থানাধীন বি-ব্লক এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে মোট ৩৫টি অবৈধ/অনুমোদনবিহীন সিমবক্স, বিভিন্ন মোবাইল ফোন অপারেটরের সর্বমোট ২১,৩০০ (একুশ হাজার তিনশত) টি সিমকার্ড এবং ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল (ভিওআইপি) কাজে ব্যবহৃত কিছু রাউটার জব্দ করা হয়েছে। উক্ত ব্যবসার সঙ্গে জড়িত থাকার অভিযোগে আটক ০১ (এক) জন এর বিরুদ্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী চট্টগ্রামের হালিশহর থানায় মামলা দায়ের করা হয়েছে।

অবৈধ/অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা পরিচালনা, ভিওআইপি সরঞ্জামাদি বিক্রয় বন্ধে বিটিআরসি হতে নিয়মিত অভিযান পরিচালিত হচ্ছে। তাই অবৈধ ও অনুমোদনবিহীন ভিওআইপি ব্যবসা পরিচালনা, ভিওআইপি সরঞ্জামাদি ক্রয়-বিক্রয় হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে বিটিআরসি'র পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে, অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুরোধক্রমে

০৩/০৭/২০২৫

মো: জাকির হোসেন খাঁন
উপ-পরিচালক (মিডিয়া)
মোবাইল: ০১৫৫২২০২৮৪০
zakirkhan@btrc.gov.bd

১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।
দৃষ্টি আকর্ষণ: উপ-মহাপরিচালক (বার্তা)
২। প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্রসমূহ; ঢাকা।
৩। হেড অব নিউজ/চিফ রিপোর্টার/ অ্যাসাইনমেন্ট এডিটর;
বার্তাসংস্থা/টেলিভিশন চ্যানেল/ অনলাইন নিউজ পোর্টাল, ঢাকা।

**অনুলিপিঃ সদয় উপস্থিতি ও অবগতির জন্য**

১। সচিব , বিটিআরসি।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য),বিটিআরসি।
৩। অফিস কপি।